



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩২৯৬


তারিখঃ ০২/১২/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মোবাইল সার্ভিসিং ও মটরযান চালনা (ড্রাইভিং) বিষয়ক ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য আত্মহী সুফলভোগী নির্বাচন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পভুক্ত ৫৯টি উপজেলায় সুফলভোগী গ্রামীণ নারীদের আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। দেশের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে মোবাইল সার্ভিসিং ও মটরযান চালনা (ড্রাইভিং) বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত নারীদের আত্মকর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি হয়েছে। প্রকল্পভুক্ত সুফলভোগী নারীদের বৈচিত্র্যপূর্ণ এবং লাভজনক পেশায় সম্পৃক্ত করে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে মোবাইল সার্ভিসিং ও মটরযান চালনা (ড্রাইভিং) বিষয়ক ৩০ (ত্রিশ) দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণ কোর্স আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মটরযান চালনা (ড্রাইভিং) বিষয়ক প্রশিক্ষণ গাজীপুরস্থ বিআরটিসি প্রশিক্ষণ কেন্দ্রে এবং মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জ এ আয়োজন করা হবে। উপজেলায় সংশ্লিষ্ট মহিলা সমিতি'র ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা নির্বাহী অফিসারকে সম্পৃক্ত করে নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন আত্মহী সুফলভোগীদের তালিকা প্রনয়ণ করতঃ (সংযুক্ত ছক মোতাবেক) আগামী ১৫/১২/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

- ❖ শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে;
- ❖ সুফলভোগী নারীদের বয়স ২০-৩০ এর মধ্যে হতে হবে;
- ❖ গাজীপুর/গোপালগঞ্জের সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে ৩০ দিন অবস্থান করার বিষয়ে বৈধ অভিভাবকের অনুমতি থাকতে হবে;
- ❖ বৈচিত্র্যপূর্ণ এবং চ্যালেঞ্জিং পেশা গ্রহণের আত্মহী থাকতে হবে।

বিষয়টি অতীব জরুরী।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুদ আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
-----জেলা

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। অফিস কপি।

